আলমডাঙ্গায় নবগঠিত কলেজ ছাত্রদলের বৃক্ষরোপণ ও দোয়া মাহফিল

আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজে নবগঠিত ছাত্রদলের উদ্যোগে দোয়া মাহফিল, বৃক্ষরোপণ ও পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১০টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজ ক্যাম্পাসে নবগঠিত সরকারি কলেজ শাখা ছাত্রদলের উদ্যোগে প্রথম দিনের কর্মসূচি পালন করা হয়।

দিনব্যাপী এই কর্মসূচির মধ্যে ছিল দোয়া মাহফিল, বৃক্ষরোপণ এবং নবনির্বাচিত কমিটির পরিচিতি পর্ব।

অনুষ্ঠানের শুরুতেই সাবেক তিনবারের প্রধানমন্ত্রী, আপোষহীন গণতন্ত্রের প্রতীক দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে ছাত্রদলের নেতাকর্মীরা দেশনেত্রীর দীর্ঘায়ু ও সুস্থতা কামনা করেন।

পরে নবগঠিত আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদল কমিটির সদস্যদের নিয়ে ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। পরিবেশ রক্ষায় ছাত্রদলের এই উদ্যোগকে উপস্থিত সবাই স্বাগত জানান।

অনুষ্ঠানে উপজেলা ছাত্রদল, পৌর ছাত্রদলসহ কলেজ ও বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, নবগঠিত ছাত্রদল শাখাটি সংগঠনকে আরও শক্তিশালী করতে কাজ করবে এবং শিক্ষার্থীদের অধিকার আদায়ের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পরিচিতি পর্বে নবগঠিত কমিটির নেতারা নিজেদের ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন এবং সংগঠনকে সুসংগঠিত করার প্রত্যয় ব্যক্ত করেন।

এই কর্মসূচির মধ্য দিয়ে আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদল তাদের সাংগঠনিক যাত্রার নতুন অধ্যায়ের সূচনা করে।

আমঝুপি ইউনিয়নের নবগঠিত ওয়ার্ড কমিটির মতবিনিময় ও আলোচনা সভা

আমঝুপি ইউনিয়ন নবগঠিত ওয়ার্ড কমিটির সুপারফাইভ বিএনপি সকল সদস্যদের সঙ্গে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়ন বিএনপি’র নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আমঝুপি নবগঠিত ইউনিয়ন সভাপতি সাবেক প্রভাসক জাহির হোসেন চঞ্চল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটন, মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ, জেলার সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজানুর রহমান মেনন সহ আমঝুপি ইউনিয়নের সভাপতি সেক্রেটারি সহ সুপারফাইভ সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

বিএনপি’র নেতাকর্মীরা বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করেন এবং আগামী দিনের রাষ্ট্রনায়ক ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে দেশ পুনর্গঠন হবে বলে আশা ব্যক্ত করেন বক্তারা ।

চুয়াডাঙ্গায় বসুন্ধরা শুভসংঘের নবগঠিত কমিটির পরিচিতি সভা

বসুন্ধরা শুভসংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার নতুন কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা এগারোটায় শহরের কোর্ট মোড়ের স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মিলনায়তনে এ সভার আয়োজন

করা হয়। শুভসংঘের নবনির্বাচিত সভাপতি অ্যাড. আ স ম আব্দুর রউফের সভাপতিত্বে কমিটির ৩০ জন সদস্য সভায় অংশ নেন।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায়ের সঞ্চালনায় পরিচিতি সভায় দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন উপদেষ্টা নাজমুল হক স্বপন, অ্যাড. মারুফ সারোয়ার বাবু, তালিম খসরু, জামান আখতার ও জিসান আহমেদ।

নবনির্বাচিত কমিটির সহ-সভাপতি ড. মুন্সি আবু সাঈফ, কামাল উদ্দীন জোয়ার্দ্দার; যুগ্ম সাধারণ সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, অ্যাড. নাজমুল আহসান; সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান সেলিম; দপ্তর সম্পাদক শেখ লিটন; প্রচার ও প্রকাশনা সম্পাদক শামসুজ্জোহা রানা; অর্থ সম্পাদক পলাশ কুমার সাহা; কর্ম ও পরিকল্পনা সম্পাদক সাকিব বিশ্বাস; নারী বিষয়ক সম্পাদক মাহমুদা অনি; সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মনোয়ারা খুশি; সমাজকল্যাণ সম্পাদক সাইফুল্লাহ আল সাদিক; ক্রীড়া সম্পাদক সালমান ফারসি; তথ্য ও যোগাযোগ সম্পাদক সোহানুর রহমান; বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক জান্নাতুল মাওয়া; শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. রেজওয়ানুল হক সজীব; আপ্যায়ন বিষয়ক সম্পাদক তানজিম তমাল এবং কার্যনির্বাহী সদস্য সুমন পারভেজ, হুমায়ুন কবির রিমু, হেলেনা নাসরিন, সামিউল ইসলাম, মইন আশরাফ, ফিরোজ হোসেন, মিকাইল হোসেন, রাসেল আলী, নাফিস আহমেদ, কামাল পাশা ও সাদমান সাকিব রাকেশ উপস্থিত ছিলেন।

পরিচিতি সভায় উপদেষ্টা ও দৈনিক সময়ের সমীকরণ এর প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন বলেন, “বসুন্ধরা অর্থ পৃথিবী আর শুভসংঘ অর্থ শুভ কাজের জন্য একত্রিত হওয়া। পৃথিবীর সকল শুভ ও ভালো কাজের জন্য একত্রিত করার যে উদ্যোগ, তা নিশ্চয় সফলতা আনবে। এজন্য বসুন্ধরা গ্রুপকে ধন্যবাদ জানাই।”

উপদেষ্টা ও জেলা জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাড. মারুফ সারোয়ার বাবু বলেন, “বসুন্ধরা শুভসংঘের স্লোগান ‘শুভ কাজে সবার পাশে’। অর্থাৎ, সকল ভালো কাজের সঙ্গে বসুন্ধরা শুভসংঘ থাকবে এটিই প্রত্যাশা করি। এজন্য আমাদের সর্বাত্মক সহযোগিতা থাকবে।”

পরিচিতি সভা শেষে চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতি চত্বরে একটি গাছের চারা রোপণ করা হয়। ‘গাছ লাগাই, ভবিষ্যৎ বাঁচাই’

প্রতিপাদ্যকে সামনে রেখে নতুন কমিটির শুভ উদ্যোগ হিসেবে গাছ লাগিয়ে কার্যক্রমের সূচনা করা হয়।

এ সময় শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা সভাপতি অ্যাড. আ স ম আব্দুর রউফ বলেন, “শুভসংঘের এমন মহৎ উদ্যোগ সত্যিই সময়োপযোগী ও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের কর্মসূচি সকলের মধ্যে সামাজিক দায়বদ্ধতা, পরিবেশ-সচেতনতা এবং মানবিক মূল্যবোধ গড়ে তোলে। শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষায় সীমাবদ্ধতা নেই, প্রকৃত শিক্ষা তখনই পূর্ণতা পায় যখন আমরা সমাজের জন্য, পরিবেশের জন্য কিছু করতে পারি।”

কর্মসূচিতে শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায় বলেন, “জলবায়ু পরিবর্তন, উষ্ণতা বৃদ্ধি এবং দিন দিন কমে যাওয়া সবুজ ভূমি আমাদের ভবিষ্যতের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। আমরা বিশ্বাস করি, একটি গাছ লাগানো মানে একটি প্রাণ রক্ষা করা। এই কর্মসূচির মাধ্যমে আমরা পরিবেশ রক্ষায় তরুণদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে চাই।”

উল্লেখ্য, বসুন্ধরা গ্রুপের সহযোগিতায় পরিচালিত বসুন্ধরা শুভসংঘ দেশের বিভিন্ন প্রান্তে তরুণদের সম্পৃক্ত করে সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। চুয়াডাঙ্গা জেলা শাখাও এ কার্যক্রমে অঙ্গীকারবদ্ধ।

মেহেরপুরে ল্যাব ও ক্লিনিক মালিক এসোসিয়েশনের নবগঠিত কমিটির মতবিনিময় সভা

মেহেরপুর জেলা ডায়াগনস্টিক ও ক্লিনিক মালিক এসোসিয়েশনের নবগঠিত কমিটির ১ম মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার সময় শহরের হাসপাতাল বাজারে মাইক্রোপ্যাথ ল্যাবে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, নবগঠিত

কমিটির সভাপতি ডা: আব্দুস সালাম। বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক খালিদ সাইফুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি নাজমুল হুদা, সহ-সভাপতি (সদর) বিধান চন্দ্র নাথ, সহ-সাধারণ সম্পাদক (সদর) শাহিনুর রহমান, সহ-সাধারণ সম্পাদক (গাংনী) হাফিজ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, দপ্তর সম্পাদক আবু আক্তার করণ, সহ-দপ্তর সম্পাদক রাশেদ আবু জাফর, অর্থ সম্পাদক শিমুল, সহ-অর্থ সম্পাদক রায়হান উদ্দিন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইমরান পারভেজ, প্রচার সম্পাদক মেহেদী হাসান সাগর, লাইসেন্স বিষয়ক সম্পাদক কামরুল ইসলাম।

সভায় বক্তারা সংগঠনের কার্যক্রম আরও বেগবান করার ওপর গুরুত্বারোপ করেন এবং জেলার স্বাস্থ্যসেবা খাতে স্বচ্ছতা ও গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান।

মেহেরপুর জেলা বিসিডিএস নবগঠিত কমিটির সংবর্ধনা

মেহেরপুর জেলা বিসিডিএস নবগঠিত কমিটির সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

বুধবার দুপুরে মুজিবনগর পিকনিক স্পটে বাংলাদেশ কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্টস সমিতি মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য সেলিম খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির সভাপতি আব্দুল লতিব। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য আসিফ আল মোনায়েম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির সিনিয়র সহ-সভাপতি নাজমুল হুদা, সহ-সভাপতি রফিকুল হাসান (রণ), সহ-সভাপতি কাজী খয়রউদ্দীন আহম্মেদ, এবং নির্বাহী সদস্য মতিউর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য রিনু, বাবর আলী, সাইফুল ইসলাম, আমিনুল ইসলাম (সেন্টু), জালাল উদ্দিন, বেনজির আহমেদ, আব্দুস সালাম, শফিকুল ইসলাম বাবু, শহিদুল ইসলাম, এস এম খাইরুল প্রমুখ।

নতুন জনপ্রতিনিধি পাবে নবগঠিত শ্যামপুর ইউনিয়নের ভোটার

প্রথম জনপ্রতিনিধির স্বাদ পেতে যাচ্ছে নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের জনগণ। নবগঠিত এই ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের নৌকার প্রার্থী বিহীন ভোট হবে প্রথম বছরেই।

নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনের চেয়ারম্যান, সাধারণ ও সংরক্ষিত নারী সদস্য প্রার্থীরা তাদের প্রচার-প্রচারণা চালিয়েছেন পূর্ণমাত্রাই।

আমঝুপি ইউনিয়ন কে ভেঙে শ্যামপুর ইউনিয়ন করা হয়েছে। স্বাভাবিক কারণে নির্বাচনে নতুন মাত্রা যোগ করেছে এবার।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নের সাধারণ ভোটারদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

এই শ্যামপুর ইউনিয়নে প্রথম চেয়ারম্যান, মেম্বার এবং সংরক্ষিত মহিলা মেম্বার হওয়ার লক্ষ্যে প্রার্থীরা মরিয়া হয়ে উঠেছেন। তবে কারা এই ইউনিয়নের প্রথম জনপ্রতিনিধি হতে যাচ্ছেন তা দেখতে অপেক্ষা করতে হবে এখন কয়েক ঘন্টা।

শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৭ জনপ্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরা হলেন আক্তার হোসেন (অটোরিকশা), মতিয়ার রহমান (চশমা), খিলাফত আলী (নাঙ্গল), আবুল হাসেম (ঘোড়া), কামরুল হাসান (আনারস), আব্দুল বারী (ঢোল), ও নয়ন হাবিব (মোটরসাইকেল)।

নবগঠিত এই ইউনিয়নে ঝাউবাড়িয়া, দীঘিরপাড়া, রামনগর, গোপালপুর, বসন্তপুর, শ্যামপুর, আলমপুর, মদনাডাঙ্গা, ধুঁষারপাড়া,

বেলতলাপাড়া, বেলেগাড়ি গ্রাম নিয়ে এই ইউনিয়ন গঠিত হয়েছে।

নবগঠিত এই ইউনিয়নে মোট ভোটার সংখ্যা ১৭ হাজার ২১৪ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৮৬০৬ জন ও নারী ভোটার সংখ্যা ৮৬০৮ জন।

মোট ভোটারের মধ্যে ১ নং ওয়ার্ডে রয়েছে ১ হাজার ৬৩০ জন, ২ নং ওয়ার্ডে ১ হাজার ৯৫৪ জন, ৩ নং ওয়ার্ডে ২ হাজার ২৮৯ জন, ৪ নং ওয়ার্ডে ১ হাজার ৫০১ জন, ৫ নং ওয়ার্ডে ২ হাজার ৬০ জন, ৬ নং ওয়ার্ডে ১ হাজার ৭২৪ জন, ৭ নং ওয়ার্ডে ১ হাজার ৯৭২ জন, ৮ নং ওয়ার্ডে ১ হাজার ৬৭৯ এবং ৯ নং ওয়ার্ডে ২ হাজার ৪০৫ জন ভোটার রয়েছে।

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়নের মোট ৯ টি কেন্দ্রে ৫৪ টি কক্ষে ভোট গ্রহণ চলবে।

সংরক্ষিত সদস্য পদে ১ নং ওয়ার্ডে আসমা খাতুন (বক), রুপালি খাতুন (তালগাছ), কাকলী খাতুন (জিরাফ), সিমা খাতুন (মাইক), ২ নং ওয়ার্ডে ফজিলা খাতুন(মাইক), মনোয়ারা খাতুন(বক),সোনিয়া আক্তার (তালগাছ), ৩ নং ওয়ার্ডে আরিফা খাতুন (মাইক), নাশেদা আক্তার (বক), নাজমা আক্তার (তালগাছ), ফাহিমা খাতুন (সূর্যমুখী ফুল) ও মাজেদা খাতুন (জিরাফ)।

এছাড়াও শ্যামপুর ইউনিয়নের সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ডে জহুর আলী (তালা), এস এম ইকবাল (ঘুড়ি), আব্বাসউদ্দীন (টিউবওয়েল), সলেমান (মোরগ), চাঁদ আলী (ফুটবল), আলমগীর হোসেন (বৈদ্যুতিক পাখা), ২ নং ওয়ার্ডে রবিউল ইসলাম (মোরগ), আনারুল ইসলাম (তালা), মোয়াজ্জেম হোসেন (ফুটবল), আব্দুল হান্নান (টিউবওয়েল), ৩ নং ওয়ার্ডে আব্দুল আজিজ (মোরগ), শহিদুর রহমান (টিউবওয়েল), একরামুল হক (ফুটবল), ৪নং ওয়ার্ডে তরিকুল ইসলাম (আপেল), শামিম রেজা (মোরগ), সবুজ জোয়ার্দার (বৈদ্যুতিক পাখা), সুজন জোয়ারদার (ঘুড়ি), আব্দুর রাজ্জাক (তালা), তারিকুল ইসলাম (ফুটবল), বাবুল হক (ক্রিকেট ব্যাট), আরিফুল (টিউবওয়েল), ৫ নং ওয়ার্ডে আওলাদ হোসেন (ফুটবল) বদরুদ্দীন (টিউবওয়েল), ৬ নং ওয়ার্ডে রবিউল ইসলাম (ঘুড়ি), মতিয়ার রহমান (মোরগ), আবুল হাশেম (টিউবওয়েল), আব্দুস সালাম (ফুটবল), আবুল কালাম আজাদ (বৈদ্যুতিক ফ্যান), মুজিবুর রহমান (তালা